

## ভুবন ডাঙার পথে

সাইফুজ্জামান

আমি বর্ষার মধ্যে হেটে যাই ভুবনডাঙার পথে,  
ভুবনডাঙা গেরাম, প্রকৃতি , মানুষ বদলে গেছে  
সেগুনবাগিচায় কাঁঠালচাপা, জুঁইফুলের বদলে অর্কিড  
আর সার ইউক্যালিপটাস নিরীহ মানুষের মত দাঁড়িয়ে  
বালিকা নগর মানুষের হাতে তুলে দিয়েছে তালিকা  
ইমেইল, ফাস্টফুড, হাতে হাতে রকমারী উপহার সব  
দূর শৈশবে ফিরে যাই এক অচেনা মানুষ ধুলোর মাঝে  
একদল মানুষ হেটে যেতে যেতে বলেঃ যাই ভুবন ডাঙা  
আমি ভুবনডাঙার পথে ঘুরে তোমাকে খুঁজি অবেলায়  
তুমি এখন শীতের দেশে কাঁপছো ভীষণ সচেতনতায়  
তোমার কি একবারও ভুবনডাঙার কথা মনে পড়ে না?  
তোমার মনে থাকে না কিছু অবোধ বালিকা  
আমি দূরত্বের সীমারেখায় জীবনের অনুবাদ করি  
বদলে যাওয়া মানুষ ও চারপাশ দেখা ছাড়া কিছু নেই  
এই যে ছুটে যাওয়া অনেকটা নদীর বয়ে যাওয়ার মতো  
ভীষণ কাতরতা নিয়ে আমাদেরও একেকটা জীবন চলে যায়

.....